



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিরক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ জরিপ অধিদপ্তর

সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ এর দপ্তর

<http://www.sob.gov.bd>

তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা ১২০৮



নম্বর: ২৩.০৮.০০০০.০০৪.৫৩.০০৫.১৭.৩৩২

তারিখ: ২৮ আষাঢ়, ১৪২৯

১২ জুলাই ২০২২

### অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের ০৮ এপ্রিল ২০১৩ তারিখের প্রজ্ঞাপন নং ০৪.০০.০০০০.২৩৫.৩৫.০০৬.১৩-১৮ এর নির্দেশনা অনুযায়ী অধিদপ্তরের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণ করার লক্ষ্যে অধিদপ্তরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য গঠিত " ই-গভর্নেন্স এবং ইনোভেশন টিম" নিম্নলিখিতভাবে পুনর্গঠন করা হলোঃ

|   |  |                |
|---|--|----------------|
| ১ | জনাব মোহাম্মদ আবদুর রউফ হাওলাদার<br>পরিচালক, প্রতিরক্ষা সার্ভে | ইনোভেশন অফিসার |
| ২ | উপ-পরিচালক (প্রশাসন)   | সদস্য          |
| ৩ | জনাব মোহাম্মদ মাসুদুর রহমান<br>উপ-পরিচালক (জরিপ)               | সদস্য          |
| ৪ | জনাব সৈয়দ মোহাম্মদ মাসুম<br>সহকারী পরিচালক (জরিপ)             | সদস্য          |
| ৫ | জনাব দেবশীষ সরকার<br>সহকারী পরিচালক (জরিপ)                     | সদস্য          |
| ৬ | জনাব মোঃ নাসির উদ্দিন<br>সহকারী ম্যানেজার                      | সদস্য-সচিব     |

### ২। " ই-গভর্নেন্স এবং ইনোভেশন টিম"এর কার্যপরিধি:

উপরে আলোচিত প্রজ্ঞাপনের অনুষঙ্গ ০৪ মোতাবেক " ই-গভর্নেন্স এবং ইনোভেশন টিম" এর কার্যপরিধি নিম্নরূপ হবে:

- অধিদপ্তরের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের আভ্যন্তরীণ প্রক্রিয়ার গুণগতমান পরিবর্তনের জন্য প্রয়োজনীয় সুপারিশ প্রদান এবং সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ এর নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।
- বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন পূর্বক তা বছরের ১ম মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন।
- প্রতিমাসে টিমের সভা আহ্বান, কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং তা বাস্তবায়ন।
- প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং অধীনস্থ অন্যান্য প্রতিষ্ঠানের ইনোভেশন টিম সমূহের সাথে নিয়মিত যোগাযোগ ও সমন্বয় সাধন।
- প্রতি বছর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বছরের একটি পূর্ণাঙ্গ বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও তা সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ বরাবরে পেশ করা এবং তা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা।

### ৩। " ই-গভর্নেন্স এবং ইনোভেশন টিম"এর দায়িত্ব ও কর্তব্য:

মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন নং ০৪.০০.০০০০.২৩৫.৩৫.০০৬.১৩-১৮, তারিখ: ০৮ এপ্রিল ২০১৩ এর অনুচ্ছেদ ০৫ অনুযায়ী অধিদপ্তরের ইনোভেশন অফিসার দায়িত্ব পালন করবেন এবং ইনোভেশন অফিসারের নির্দেশনা অনুযায়ী কমিটির অন্যান্য সদস্যগণ দায়িত্ব পালন করবেন।

৪। সার্ভেয়ার জেনারেল অফিসের অফিস আদেশ নম্বর ১৩ প্রশাসন ২০১৫ তারিখ ০১ ফেব্রুয়ারি ২০১৫ (সংযুক্ত) সার্ভেয়ার জেনারেল অফিসের স্মারক নম্বর: ২৩.০৮.০০০০.০০৪.৫৩.০০৫.১৭.৮০, তারিখঃ ১৮ সেপ্টেম্বর ২০১৭ (সংযুক্ত) এর দ্বারা বাতিল করা হলো।

৫। এই কমিটির সহযোগী কর্মচারী হিসাবে জনাব মুহাম্মদ আব্দুল আলীম সিকদার, উপ সহকারী সুপার এবং বেগম দিলরুবা আখতার, উপ সহকারী সুপার ইনোভেশন অফিসারের তত্ত্বাবধানে কাজ করবেন।

৫। এই আদেশ সম্পূর্ণ সরকারি স্বার্থে জারি করা হলো।



১৩-৭-২০২২

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ হাবিবুল হক

সার্ভেয়ার জেনারেল

ফোন: ৮১৭০০৮০

ফ্যাক্স: ৮১৭০০৭৮

ইমেইল: [sg@sob.gov.bd](mailto:sg@sob.gov.bd)

নম্বর: ২৩.০৮.০০০০.০০৪.৫৩.০০৫.১৭.৩৩২/১(৬১)

তারিখ: ২৮ আষাঢ় ১৪২৯  
১২ জুলাই ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) বাংলাদেশ জরিপ অধিদপ্তর পত্রজারী গুপ (জি)



১৩-৭-২০২২

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ হাবিবুল হক

সার্ভেয়ার জেনারেল